2017/ODD/01/02/BNG–304
(A/B/C/D/E/F/G/H)/116

PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–304

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

(বিশেষ পাঠ)

Candidates have to answer *either* Option—A *or* Option—B *or* Option—C *or* Option—D *or* Option—E *or* Option—F *or* Option—G *or* Option—H

OPTION—A

Course No. : BNGCC–304 (A)

(সাহিত্যতত্ত্ব : চিন্তাপ্রস্থান ও প্রয়োগ—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। আকরণবাদের তাত্ত্বিক-জনক হিসেবে কোন্ দুই চিন্তাবিদের নামোল্লেখ করা যায়? তাঁদের একটি করে গ্রন্থের নাম লেখো। আকরণবাদ থেকে আকরণোত্তরবাদে যাত্রার পরিসরটিকে সংক্ষেপে বর্ণনা করো। ২+২+১০=১৪

২। 'শাম্ব' উপন্যাসটিকে কত সালে, কোন্ বিশেষ পুরস্কারে ভূষিত করা হয়েছিল? গ্রন্থটি কাকে উৎসর্গীকৃত? ''এক বিপন্ন ব্যক্তির উত্তরণকে শ্রদ্ধার সঙ্গে দেখাতে চেয়েছি, দেখাতে চেয়েছি কালের মানসিকতা ও দৃষ্টিভঙ্গি নিয়ে।'' 'শাম্ব' উপন্যাস সম্পর্কে স্রষ্টার এই মন্তব্য কতটা দিগ্‌দর্শী, আলোচনা করো। ২+১+১১=১৪

খ—গুচ্ছ

৩। বিনির্মাণ তত্ত্বপ্রস্থানের সঙ্গে সংশ্লিষ্ট তিনজন তাত্ত্বিকের নাম লেখো। দেরিদা-পঠিত যে প্রবন্ধটি আমেরিকায় বিনির্মাণ নামক তাত্ত্বিক বয়ানের জন্ম দিয়েছিল তার নাম কী? ''বিনির্মাণবাদী পাঠে পরিবর্তনের মধ্য দিয়ে যথাপ্রাপ্ত পাঠকৃতির রূপান্তর ঘটে।'' পর্যালোচনা করো। ৩+১+১০=১৪

৪। দেরিদা তাঁর কোন্ গ্রন্থে 'বাক্‌কেন্দ্রিকতা'র উল্লেখ করেছিলেন? 'ইয়েল স্কুল' বলতে কাদের বোঝানো হতো? ''বিনির্মাণমূলক পঠন চিহ্নিতকরণের একচ্ছত্র আধিপত্যকে বিনাশ করে।'' তোমার পঠিত উপন্যাসের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। ফ্রেডরিক জেম্‌সনের দুটি গ্রন্থের নামোল্লেখ করো। ''বাংলা সাহিত্যে উত্তর-আধুনিকতা শুধু প্রতিবাদ করে থেমে যায়নি বরং বিকল্প বাস্তব, বিকল্প সন্দর্ভ, বিকল্প পাঠকৃতি ও বিকল্প চেতনাকে সাংস্কৃতিক ও নান্দনিক ক্ষেত্রে মূর্ত করে তুলেছে।'' পর্যালোচনা করো। ২+১২=১৪

৬। পাঠ্য উপন্যাসটি ছাড়া নবারুণ ভট্টাচার্যের দুটি উপন্যাসের নামোল্লেখ করো। ''নবারুণ ভট্টাচার্যের উপন্যাসে রয়েছে বিকল্প পরিসর নির্মাণের প্রয়াস।'' তোমার পাঠ-অভিজ্ঞতার সাহায্যে মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। 'জাদুবাস্তবতা'র সংজ্ঞা দাও। শহীদুল জহিরের 'সে রাতে পূর্ণিমা ছিল' উপন্যাসে জাদুবাস্তবতার স্বরূপ আলোচনা করো। ২+১২=১৪

৮। 'পূর্ণ অপূর্ণ' উপন্যাস কত সালে প্রকাশিত হয়েছিল? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? ''জীবনের সমগ্রতার সঙ্গে অংশের সম্পর্ক গড়ে তোলার আকল্পকে রূপ দিয়েছেন বিমল কর 'পূর্ণ অপূর্ণ' উপন্যাসে।'' অস্তিত্ববাদী চিন্তার আলোকে বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। ফ্রয়েড ও লাঁকা রচিত দুটি করে গ্রন্থের নামোল্লেখ করো। তত্ত্বপ্রস্থান হিসেবে মনোবিশ্লেষণবাদের গঠনে যে কোনো দুজন তাত্ত্বিকের অবদান আলোচনা করো। (২+২)+(৫+৫)=১৪

১০। 'বিয়োগপর্ব' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? উক্ত উপন্যাসে মোট কটি পরিচ্ছেদ আছে? 'বিয়োগপর্ব' শেষ পর্যন্ত কীভাবে হয়ে ওঠে আমাদের অন্তরতম ভাঙা-গড়ার কাহিনি, সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ২+১২=১৪

OPTION—B

Course No. : BNGCC–304 (B)

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'সদুক্তি কর্ণামৃত'-এর সংকলক কে? কতজন কবির কটি পদ এই কবিতা সংগ্রহে রয়েছে? '' 'সদুক্তি কর্ণামৃত'-এর কোন কোন কবিতায় পল্লীজীবনের শান্ত ছবি এবং দরিদ্র গৃহস্থালির দীন চিত্র আঁকা হইয়াছে। ভারতীয় সাহিত্যে এ বর্ণনা অভিনব।'' উক্ত মন্তব্যের যথার্থতা নিরূপণ করো। ১+২+১১=১৪

২। আদি-মধ্যযুগের বাংলা সাহিত্যকে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায়? শ্রেণিগুলির নাম কী কী? ''খ্রিঃ ১৫শ শতাব্দীতে পাঠান সুলতান হুসেনশাহ বাঙ্গালা সাহিত্যের পৃষ্ঠপোষকতা করিয়াছিলেন। একই সময়ে শ্রীচৈতন্যদেবের দেব-চরিত্র বৈষ্ণব সাহিত্যে প্রতিফলিত হইয়াছে এবং সাহিত্যের অপর শাখাগুলিকেও অল্পবিস্তর প্রভাবিত করিয়াছে।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+২+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খণ্ডে পৌরাণিক উপাদান সবচেয়ে বেশি? রাধা ও বড়াই-এর সম্পর্কটি উল্লেখ করো। '' 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর শ্রেষ্ঠত্বের সবটুকু আত্মসাৎ করিয়াছে রাধা। যাহার নামকীর্তন করিতে কাব্যটির রচনা সেই শ্রীকৃষ্ণই উহার দোষের আশ্রয়।'' পর্যালোচনা করো। ১+২+১১=১৪

৪। 'ইউসুফ জোলেখা'র আবিষ্কারক কে? ইউসুফের বাবার নাম কী? রোমান্টিক প্রণয়কাব্যের বৈশিষ্ট্যগুলির নিরিখে কাব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। বৈষ্ণব সম্প্রদায়ের সর্বশ্রেষ্ঠ ধর্মগ্রন্থটির নাম লেখো। এর প্রথম বঙ্গ-অনুবাদক কে? বাংলায় গ্রন্থটি কী নামে পরিচিত? ''এই বঙ্গানুবাদকে কৃষ্ণের ঐশ্বর্য ও বীরত্বপ্রকাশক একটি সর্বাবয়ব কাহিনি কাব্যরূপে নির্দেশ করা যেতে পারে।'' কাহিনি বিশ্লেষণে সমালোচকের এই উক্তির যথার্থতা নিরূপণ করো। ১+১+১+১১=১৪

৬। 'শ্রীকৃষ্ণবিজয়' রচনাকালে বাংলা কোন্ শাসকের শাসনাধীন ছিল? কবির রাজদত্ত উপাধি কী? কাব্যটির প্রথম মুদ্রিত সংস্করণ কত সালে প্রকাশ পায়? ''নীতিবোধ থেকে বিচ্যুত সমাজের মানুষকে নীতিবোধে উদ্বুদ্ধ করাই ছিল মালাধর বসুর কাব্য রচনার উদ্দেশ্য।'' নীতিচ্যুতির ঐতিহাসিক কারণ বিশ্লেষণ করে কবির উত্তরণ প্রয়াসের বয়ান লিপিবদ্ধ করো। ১+১+১+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। পার্বতী কোন্ পাঁচজন সিদ্ধার কাম পরীক্ষা নিয়েছিলেন? নাথ সিদ্ধা গোরক্ষনাথ চরিত্রটি নাথ ধর্ম ও সাহিত্যে বিশেষভাবে উল্লেখযোগ্য, আলোচনা করো। ২+১২=১৪

৮। বাংলা সাহিত্যের প্রথম 'বেদে' চরিত্র কোনটি? কোন্ পালায় কুড়া পাখি শিকারের বর্ণনা আছে? চন্দ্রাবতী পালায় পত্র ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। শক্তি-বিষয়ক ধর্মচেতনার প্রাচীনতম পরিচয় কোথায় পাওয়া যায়? শাক্তপদাবলীর দুজন অপ্রধান কবির নাম লেখো। ''আগমনী-বিজয়া যেন শাক্ত সাহিত্যের রামায়ণী গান—বাঙালির একান্ত ঘরের কথায় তা পূর্ণ। ভক্তের আকুতি যেন শাক্ত সাহিত্যের 'মহাভারত'—সেখানে বৃহত্তর পটে সমাজ জীবন বিধৃত।'' আগমনী ও বিজয়া পর্বের পদ অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

১০। কবি আলাউলের আদি নিবাস কোথায় ছিল? কার আদেশে কবি তাঁর দ্বিতীয় কাব্য রচনা শুরু করেছিলেন? ''জায়সী কবি, ভাবুক ও সাধক, তাঁর রচনা আঙ্গিকে চোপঈ ও দোঁহা। আলাউল কাব্যরসিক। আলাউলের রচনা বর্ণনাত্মক। জায়সীর কাব্যে মেলে ভাবসৌন্দর্য ও তত্ত্বকথা, আলাউলের কাব্যে রয়েছে রসমাধুর্য।'' উপযুক্ত উদাহরণ দিয়ে বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

OPTION—C

Course No. : BNGCC–304 (C)

(রবীন্দ্র সাহিত্য)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। ভারতীয় সংস্কৃতির মূল বৈশিষ্ট্য কি, তা সংক্ষেপে আলোচনা করো। রবীন্দ্রনাথ যথার্থই অনুধাবন করতে পেরেছিলেন, ''তাঁর চিত্ত যে মহাভারতের অধিবাসী, সে মহাভারতের ভৌগোলিক অস্তিত্ব কোথাও নেই। সে হলো এক মনগড়া পরিবর্তনশীল ধারণামাত্র, আধুনিক চেতনার রসায়নে যার সৃষ্টি।'' উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫+৯=১৪

২। 'বিশ্বভারতী' কবে প্রতিষ্ঠিত হয়েছিল? ''আমাদের পরিবারে শিশুকাল হইতে স্বদেশের জন্য বেদনার মধ্যে আমরা বাড়িয়া উঠিয়াছি।'' এই বেদনাই বস্তুত রবীন্দ্রনাথের মধ্যে কবি ও কর্মীর এক অভিনব সামঞ্জস্য রচনা করেছে। রবীন্দ্র-জীবনসরণি অনুসরণে বিষয়টি স্পষ্ট করো। ১+১৩=১৪

খ—গুচ্ছ

৩। 'গীতাখ্য' পর্বের কাব্যগুলির নাম লেখো। ''বলাকার কবিকণ্ঠে উচ্চারিত হয়েছে ঋজু, বলিষ্ঠ, জীবনঘনিষ্ঠ কর্মিষ্ঠ যৌবন বন্দনা।'' 'বলাকা' কাব্যগ্রন্থের পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ৩+১১=১৪

৪। 'মানসী'র পূর্ব ও পরবর্তী কাব্যগ্রন্থের নাম লেখো। 'মানসী' কাব্যের মানসীকে রবীন্দ্রনাথ বলেছেন অর্ধেক মানবী, অর্ধেক কল্পনা। পাঠ্য কবিতা অবলম্বনে বিষয়টি পর্যালোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'চতুরঙ্গ' উপন্যাসের প্রকাশকাল কত? কোন্ পত্রিকায় ভিন্ন এক শিরোনামে চতুরঙ্গের প্রতিটি কিস্তি প্রকাশিত হয়েছিল? ''চতুরঙ্গের তত্ত্ব বিশুদ্ধ দর্শনতত্ত্ব নয়, তা জীবনতত্ত্ব।'' সমালোচকের এমত ভাবনার সত্যাসত্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬। 'চোখের বালি' উপন্যাসটি কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়? 'চোখের বালি' উপন্যাস সম্পর্কে 'আঁতের কথা' বের করে আনার কথা কে বলেছিলেন? এই উপন্যাসের নায়ক মহেন্দ্র চরিত্রের বৈশিষ্ট্য সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। রবীন্দ্রনাথের 'রাজা' নাটকের মূল উৎস কী? 'রাজা' নাটকে যে চতুরঙ্গ সাধনার কথা বলা হয়েছে তার স্বরূপ নির্ণয় করো। ১+১৩=১৪

৮। 'রাজা' নাটকের গ্রন্থাকারে প্রথম প্রকাশকাল কত? এই নাটকে গানের সংখ্যা কত? রবীন্দ্রনাথের 'রাজা' নাটকে সুরঙ্গমা চরিত্রটির গুরুত্ব পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। 'লিপিকা' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই গ্রন্থটি মোট কয়টি রচনার সংকলন? 'লিপিকা' শব্দের আভিধানিক অর্থ কী? '' 'লিপিকা'র অভিনবত্ব শুধুমাত্র ভাষা কিংবা আঙ্গিকের নতুনত্বেই নয়, বিষয় বৈচিত্র্যেও।'' পর্যালোচনা করো। ১+১+১+১১=১৪

১০। 'শেষকথা' এবং 'ল্যাবরেটরি' গল্প দুটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? রেবতী কোন্ গল্পের চরিত্র? 'তিনসঙ্গী'তে এসে এক পরিবর্তিত রবীন্দ্র মননলোকের পরিচয় পেলেন পাঠক। 'তিনসঙ্গী'র গল্প বিশ্লেষণে বিষয়টি স্পষ্ট করো। ২+১+১১=১৪

OPTION—D

Course No. : BNGCC–304 (D)

(লোকসাহিত্য ও লোকসংস্কৃতি—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। Folklore Society of London-এর প্রতিষ্ঠাকাল কত? Folklore-এর দুটি বাংলা প্রতিশব্দের উল্লেখ করো। ভারতবর্ষে লোকসংস্কৃতিচর্চার পর্বগুলি সম্বন্ধে আলোচনা করো। ১+২+১১=১৪

২। সংস্কৃতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করো। লোকসংস্কৃতির সঙ্গে নাগরিক সংস্কৃতির পার্থক্যগুলি নির্দেশ করো। ৬+৮=১৪

খ—গুচ্ছ

৩। রূপকথা বলতে কি বোঝ? রূপকথার বৈশিষ্ট্যগুলি নিরূপণ করো। রবীন্দ্রনাথ বলেছেন, ''বাংলাদেশের আধুনিক দিদিমাদের জন্য অবিলম্বে একটি স্কুল খোলা হউক এবং দক্ষিণাবাবুর এই বইখানি অবলম্বন করিয়া শিশু-শয়ন-রাজ্যে পুনর্বার তাহাদের নিজেদের গৌরবস্থান অধিকার করিয়া বিরাজ করিতে থাকুন।'' 'ঠাকুরমার ঝুলি' অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ২+৪+৮=১৪

৪। 'বাংলার ব্রত' গ্রন্থটির প্রকাশকাল কত? অবনীন্দ্রনাথ ঠাকুরের মতে কত বছর বয়সের মেয়েরা কুমারী ব্রত করে? ব্রতের সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করে ব্রতের যে কোনো একটি বিভাগ নিয়ে আলোচনা করো। ১+১+(৬+৬)=১৪

গ—গুচ্ছ

৫। জাদুর স্থূল প্রকারভেদ কী কী? ধর্মের বিবর্তনের ইতিহাসে সর্বপ্রাণবাদ হলো প্রথম পদক্ষেপ। বিশ্লেষণ করো। ২+১২=১৪

৬। *Magic, Science and Religion* বইটি কার লেখা? 'মানা'র ধারণা সম্পর্কে সর্বপ্রথম কে আলোকপাত করেন? 'ট্যাবু' ও 'শামানবাদ' সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। লোককথার ভারতীয় উদ্ভবতত্ত্বের জনক কে? তত্ত্বটি অন্য কি নামে পরিচিত? লোকসংস্কৃতিচর্চায় মার্ক্সীয় পদ্ধতির গুরুত্ব পর্যালোচনা করে লোকসাহিত্যের যে কোনো দুটি প্রতিবেদনে এই পদ্ধতির প্রয়োগ দেখাও। ১+১+১২=১৪

৮। দুজন নারীবাদী তাত্ত্বিকের নাম লেখো। উদাহরণের সাহায্যে বাংলা লোকসাহিত্যের একটি নারীবাদী প্রতিবেদন প্রস্তুত করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। রবীন্দ্রনাথ সংগৃহীত ছড়ার সংখ্যা কত? 'বাংলা লোকসাহিত্য-চর্চার ইতিহাস' বইটি কার লেখা? বাংলা লোকসংস্কৃতিচর্চায় রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো। ১+১+১২=১৪

১০। *Bengali Folklore—A Legend from Dinajpur* বইটি কার সম্পাদনায়, কত সালে প্রকাশিত হয়েছিল? বাংলা লোকসংস্কৃতিচর্চায় জেমস্ লঙ-এর অবদান আলোচনা করো। ২+১২=১৪

OPTION—E

Course No. : BNGCC–304 (E)

(বাংলা সাহিত্যে নারীচেতনাবাদী ও উপনিবেশোত্তরবাদী অধ্যয়ন—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। লিঙ্গ-বিভাজিত সমাজে নারীর অবস্থানের স্বরূপ বিশ্লেষণ করো। নারীচেতনাবাদী ভাবনার ক্রমবিকাশে যে কোনো একটি ধারার পরিচয় দাও। ''অবদমিত নারীর নিরুচ্চার কণ্ঠস্বরকে পুনরাবিষ্কারের মাধ্যমে পিতৃতান্ত্রিক আধিপত্যের স্বরূপ উন্মোচনই নারীচেতনাবাদী ভাবনার প্রাথমিক লক্ষ্য।'' পর্যালোচনা করো। ৩+৩+৮=১৪

২। *Sexual/Textual Politics* গ্রন্থটি কার লেখা? 'নারী-পরিসর' শব্দবন্ধটির স্বরূপ বুঝিয়ে দাও। তোমার পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত একটি পাঠকৃতির নারীচেতনাবাদী পাঠ প্রস্তুত করো। ১+২+১১=১৪

খ—গুচ্ছ

৩। ''সত্যবতীর গল্প আমার লেখা নয়। এ গল্প বকুলের খাতা থেকে নেওয়া।'' উক্তিটি কার? রামকালীর পিতার নাম কি ছিল? 'প্রথম প্রতিশ্রুতি' প্রকৃত অর্থে নারীর সংগ্রামী ইতিহাসের প্রস্তুতি পর্ব। পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৪। জ্যোতির্ময়ী দেবীর জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো। '' 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাস নারীর ইতিহাস-জীবনের নতুন অধ্যায়ের স্ত্রী-পর্ব বিশেষ।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। সুচিত্রা ভট্টাচার্য কবে, কোথা থেকে 'ভুবনমোহিনী' পদক লাভ করেন? ''পারিবারিক সম্মান রক্ষার্থে সমাজ নারীর বিবেকের কণ্ঠ রোধ করে দেয় অত্যন্ত কৌশলে। সমাজের সেই চিরপরিচিত ছবি তিনি তুলে ধরেছেন 'দহন' উপন্যাসে।'' পর্যালোচনা করো। ২+১২=১৪

৬। বাণী বসুর দুটি উপন্যাসের নাম লেখো। 'শ্বেতপাথরের থালা' উপন্যাসটি কবে প্রকাশিত হয়? ''বৈধব্যই জানতে শেখায় সম্পর্কের অসাড়তা, চিনতে শেখায় চেনা মুখের আড়ালে অচেনা মানুষকে, নিয়ে যায় এক যন্ত্রণা থেকে অন্য যন্ত্রণায়।'' বন্দনা চরিত্র বিশ্লেষণের নিরিখে বিষয়টি আলোচনা করো। ২+১+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। অনিতা অগ্নিহোত্রীর প্রথম প্রকাশিত গল্প কোনটি এবং এটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? অনিতা অগ্নিহোত্রীর একটি গল্পগ্রন্থের নাম লেখো। ''মানব জীবনের সত্য অন্বেষণের বহুকৌণিক বিশ্লেষণই অনিতা অগ্নিহোত্রীর গল্পের উপজীব্য বিষয়।'' বিশ্লেষণ করো। ২+১+১১=১৪

৮। কবিতা সিংহের জন্মসাল উল্লেখ করো। 'কবিতা পরমেশ্বরী' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? ''মধ্যবিত্ত জীবন বিশেষ করে মধ্যবিত্ত দাম্পত্য জীবনের জটিলতার বিশ্লেষণে কবিতা সিংহ কৃতিত্ব দেখিয়েছেন।'' তোমার পঠিত গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। বিজয়া মুখোপাধ্যায়ের জন্মসাল উল্লেখ করো। তাঁর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। বিজয়া মুখোপাধ্যায়ের কাব্যভাষার বৈশিষ্ট্য আলোচনা করো। ১+২+১১=১৪

১০। 'আমি সিন্ধুর মেয়ে' কাব্যগ্রন্থে কতগুলি কবিতা রয়েছে? এই কবির অন্য একটি কাব্যগ্রন্থের নাম লেখো। 'আমি সিন্ধুর মেয়ে' কাব্যগ্রন্থের যে কোনো দুটি কবিতা বিশ্লেষণ করে মল্লিকা সেনগুপ্তের নারীচেতনাবাদী চিন্তাভাবনার বিশেষত্ব আলোচনা করো। ১+১+১২=১৪

OPTION—F

Course No. : BNGCC–304 (F)

(ভাষাবিজ্ঞান)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। প্রাচীন ভারতের ভাষাজিজ্ঞাসা কবে থেকে শুরু হয়েছিল? পরবর্তীতে ভাষাবিজ্ঞানের বিকাশ কোথায় দেখতে পাওয়া যায়? প্রাচীন ভারতের ভাষাচর্চার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+১২=১৪

২। পাণিনির জন্ম কোথায় হয়েছিল? পাণিনির ব্যাকরণের নাম কী? প্রাচীন ভারতের ভাষাচর্চায় পাণিনির অবদান সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। প্লেটোর সময়কাল উল্লেখ করো। হেলেনিস্টিক সময়পর্ব কোন্ সময়কালকে বোঝায়? প্রাচীন গ্রীসের ভাষাচর্চায় অ্যারিস্টটলের অবদান আলোচনা করো। ১+১+১২=১৪

৪। গ্রীস কোন্ সময়ে রোমান সাম্রাজ্যের অধীনে আসে? রোমান সাম্রাজ্যের অধীনস্থ হওয়ার আগে প্রাচীন গ্রীসের দুটি দ্বীপের নাম লেখো। ভাষাচর্চায় প্রাচীন রোমান বৈয়াকরণদের অবদান আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। বাংলা স্বরধ্বনির শ্রেণিবিভাগ বিস্তারিতভাবে আলোচনা করো। বাংলা ভাষায় কত প্রকার দ্বি-স্বর হতে পারে তা উদাহরণসহ আলোচনা করো। ৯+৫=১৪

৬। রোমক লিপি বলতে কি বোঝ? এই লিপির বদলে আন্তর্জাতিক ধ্বনিলিপি ব্যবহারের সিদ্ধান্ত কেন নেওয়া হয়? নিম্নলিখিত বাংলা বাক্যগুলির IPAতে লিপ্যন্তর করো : ২+২+১০=১৪

(ক) কেন তোমরা আমায় বিরক্ত করো?

(খ) ওখানে তুমি সংখ্যালঘু, এখানে তুমি জমজমাট।

(গ) পঞ্চভূতে গড়া এই মনুষ্যদেহ।

(ঘ) বিলম্বিত লয়ে সন্ধ্যা নামছে নগরে।

ঘ—গুচ্ছ

৭। নোয়াম চমস্কির লেখা চারটি বইয়ের নাম লেখো। পারঙ্গমতাবোধ (competence) ও ভাষা-ব্যবহার (performance) বলতে কি বোঝ? ২+(৮+৪)=১৪

৮। বৈশ্বিক ব্যাকরণ ও বিশেষ ব্যাকরণ বলতে কি বোঝ? পদগুচ্ছ সংগঠন সূত্র অনুযায়ী নিম্নলিখিত বাক্যগুলির গঠন নির্দেশ করো : ৭+৭=১৪

(ক) বিকাশ কাল বিশ্ববিদ্যালয়ে আসবে না।

(খ) তোমাকে আমি ফুল দেব।

ঙ—গুচ্ছ

৯। শৈলীবিজ্ঞান বলতে কি বোঝ? শৈলীবিজ্ঞানে বিচ্যুতির ধারণা সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ৪+১০=১৪

১০। শৈলীবিজ্ঞানে PCOB তত্ত্ব বলতে কি বোঝ? নিম্নলিখিত কবিতাটির শৈলী বিশ্লেষণ করো : ৪+১০=১৪

''তুমি বললে অপরাধী অগ্নি আমার স্বর্গচ্যুতি হলো
অথৈ কামনাসিন্ধুর বুকে বিঁধলো শব্দভেদী বাণ
আলোপ্রক্ষালন শেষে আত্মপক্ষসমর্থনের স্নান
গলায় জড়িয়ে গেল সাপের লেজের পিচ্ছিল সন্ত্রাস।

বন্ধু বললো অপরাধী অগ্নি আমার স্বর্গচ্যুতি হলো
নক্ষত্রের মৃত্যু হলে আকাশে তো গণিত চিহ্ন ভাসে
ছানি অপারেশন শেষে দুচোখ জুড়ে কুসুমসংকাশে
জলায় গড়িয়ে গেল ঘাটশ্যাওলার পিচ্ছিল বিশ্বাস।''

OPTION—G

Course No. : BNGCC–304 (G)

(কথাসাহিত্য—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। *The Dialogic Imagination* বইটি কার লেখা? ''উপন্যাসের আখ্যান, ঘটনাক্রম, কুশীলবদের উপস্থাপনা এবং রচনাশৈলী—সমস্ত কিছুতে লক্ষ্য করা যায় সময়ের মোহর।'' উপন্যাসের সময় ও পরিসর আলোচনা করে মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+১৩=১৪

২। বাংলা সাহিত্যে প্রথম শিল্পসার্থক উপন্যাস কোনটি? ''দ্বিবাচনিকতার দর্শন অনুযায়ী উপন্যাসের যোগ্য পরিবেশ তাকেই বলি যেখানে বিশৃঙ্খল ঘটনা-প্রবাহ ও ভাষার পরিমিতি-সূচক ক্ষমতার মধ্যে নিরন্তর সংঘর্ষ চলছে। দ্বিবাচনিক প্রক্রিয়া অন্তহীন এবং প্রাপক হিসেবে আমাদের আকাঙ্ক্ষা যাই থাক, উচ্চারণের সামাজিকতা প্রাপ্তির মাত্রাকে নির্ধারণ করবে।'' দ্বিবাচনিকতার দর্শন আলোচনা করে বিষয়টি বিশ্লেষণ করো। ১+১৩=১৪

খ—গুচ্ছ

৩। 'বারো ঘর এক উঠান' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? লেখকের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ঔপন্যাসিক সমকালীন সময় স্বভাবের যে প্রতিবেদন তৈরি করেছেন উপন্যাসে, আলোচনাক্রমে তা স্পষ্ট করো। ১+২+১১=১৪

৪। গৌরকিশোর ঘোষের উপন্যাস ট্রিলজির নাম লেখো। 'প্রেম নেই' উপন্যাসে আধৃত হিন্দু-মুসলিম সম্পর্কের অন্তর্বয়ন— বিশ্লেষণ করো। ৩+১১=১৪

গ—গুচ্ছ

৫। 'কালবেলা' উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? সমরেশ মজুমদারের অন্য একটি উপন্যাসের নাম লেখো। ''অনিমেষরা যদি ভুলটা বুঝতে পেরে সঠিক পথটাকে খুঁজে পায় তা হলে কিন্তু ভুলটা মূল্যবান হয়ে যাবে।'' উপন্যাস পাঠের নিরিখে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬। সমরেশ মজুমদারের জন্মসাল কত? কত সালে লেখক 'সাহিত্য অকাদেমি' পুরস্কার পান? '' 'কালবেলা' লিখতে বসে আমাকে সেই সময়টাকেই বাছতে হয়েছে।'' লেখক যে সময়কে উপন্যাসে তুলে ধরেছেন তার পরিচয় দাও। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। দেবেশ রায়ের জন্মসাল উল্লেখ করো। কোন্ উপন্যাসের জন্য দেবেশ রায় 'সাহিত্য অকাদেমি' পুরস্কারে সম্মানিত হয়েছিলেন? ''বিশ শতকের সত্তর-পরবর্তী বাংলার রাজনীতির অন্তঃসার-শূন্যতা নিবিড়ভাবে প্রকট হয়ে ওঠে 'মফস্বলী বৃত্তান্ত'-এর পরা-পাঠে।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৮। দেবেশ রায়ের 'বৃত্তান্ত'-শীর্ষক অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো। ''আত্মপরিচয়ের সন্ধানে মুখর হয়ে ওঠে মৌন চ্যারকেটুর প্রত্যাখ্যানের ভাষা 'মফস্বলি বৃত্তান্ত' উপন্যাসে।'' এই উপলব্ধিকে পরিস্ফুট করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। তোমার পাঠ্য গ্রন্থটির ব্যতিরেকে আফসার আমেদ রচিত যে কোনো দুটি উপন্যাসের নামোল্লেখ করো। আফসার আমেদের উপন্যাসবীক্ষার পরিচয় দাও। ২+১২=১৪

১০। আফসার আমেদ রচিত 'কিস্‌সা' অভিধাসম্পৃক্ত যে কোনো দুটি উপন্যাসের নামোল্লেখ করো। 'বিবির মিথ্যা তালাক ও তালাকের বিবি এবং হলুদ পাখির কিস্‌সা' উপন্যাসটিতে সামাজিক প্রতাপের যে নগ্ন রূপ উপস্থাপিত হয়েছে সে সম্পর্কে বিশদভাবে আলোচনা করো। ২+১২=১৪

OPTION—H

Course No. : BNGCC–304 (H)

(উত্তর-পূর্ব ভারতের বাংলা সাহিত্য ও সংস্কৃতি—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাসে 'উত্তর-পূর্ব ভারত' ধারণাটি কবে উদ্ভূত হয়েছিল? 'ইয়াণ্ডাবু সন্ধি' কবে, কোন্ দুই পক্ষের মধ্যে সংঘটিত হয়েছিল? উত্তর-পূর্ব ভারতের জনগোষ্ঠীগত বৈচিত্র্য বিষয়ে একটি নিবন্ধ প্রস্তুত করো। ১+৩+১০=১৪

২। 'গাজিনামা' কাব্যটি কার লেখা? কবে এই গ্রন্থটি প্রথম মুদ্রিত হয়? এই কাব্যের পরবর্তী সংস্করণটির সম্পাদক কে? কত খ্রিস্টাব্দে দ্বিতীয় সংস্করণটি প্রকাশিত হয়েছে? ''কাব্যের নায়ক সামসের গাজির ঘটনাবহুল ও নাটকীয় জীবনকাহিনি নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতভেদও প্রচুর।'' 'গাজিনামা'র কেন্দ্রীয় চরিত্র সম্পর্কে ভিন্ন ভিন্ন মতগুলির পরিচয় দাও। ১+১+১+১+১০=১৪

খ—গুচ্ছ

৩। হেমাঙ্গ বিশ্বাস 'সীমান্ত প্রহরী' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করেছেন? লাইহরৌবা কী? লোগতাগ হ্রদ কোথায় রয়েছে? কাব্যের নাম কবিতায় খোলের যে অসম্পূর্ণ বোলটি রয়েছে সেটি উল্লেখ করো। ''মণিপুরী সংস্কৃতির অনুপুঙ্খসজ্জা, আর যুদ্ধ ও সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামপ্রেরণার দুটি সমান্তরাল প্রবাহ কবির সৃজনী-অভিপ্রায়সূত্রে মিশে গিয়ে এক স্মরণীয় সৃষ্টি হয়ে উঠেছে।'' এই মন্তব্যের আলোকে 'সীমান্ত প্রহরী' কবিতাটির মূল্যায়ন করো। ১+১+১+১+১০=১৪

৪। অমলেন্দু গুহর 'লুইত পারের গাথা' কাব্যগ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়? 'ভৈয়াম' শব্দটির অর্থ কী? ''হেমাঙ্গ বিশ্বাস ও অমলেন্দু গুহর কবিতায় প্রধান হয়ে উঠেছে 'উত্তর-পূর্বাঞ্চলীয় স্বর'।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। কবি শক্তিপদ ব্রহ্মচারীর জন্মসন এবং জন্মস্থান উল্লেখ করো। ''শক্তিপদ প্রধানত প্রেমের কবি হলেও বাংলার লোকায়ত জীবনকে অস্বীকার করেননি মোটেই।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬। শক্তিপদ ব্রহ্মচারীর যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। তাঁর কবিতায় রোম্যান্টিক প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। অনুরূপা বিশ্বাসের আত্মকথার খণ্ডিত পূর্বলেখ কোনটি? কোন্ সময়ে তা লেখা হয়? ''তাঁদের কাছে শিখেছি ত্যাগ, ধৈর্য—সর্বাবস্থায় মানিয়ে চলার মতো মন তারাই গড়ে দিয়েছে আমায়। তাই তো বলি ওটাই আমার আসল পাঠশালা। মেহনতি মানুষ আমার শিক্ষক।'' 'নানা রঙের দিন' অবলম্বনে লেখিকার ভাবনাসূত্রটি বিশদ করো। ১+১+১২=১৪

৮। তোমার পাঠ্যগ্রন্থটি ছাড়া সুজিৎ চৌধুরী রচিত যে কোনো দুটি গদ্যগ্রন্থের নাম লেখো। তাঁর কোন্ অনুবাদকর্মটি, কত সালে সাহিত্য অকাদেমি অনুবাদ পুরস্কারে ভূষিত হয়েছিল? '' 'হারানো দিন, হারানো মানুষ' গ্রন্থটি প্রকৃতপ্রস্তাবে অবলুপ্ত-প্রায় এক সময়-পথের ধারা বিবরণী।'' মন্তব্যটি কতদূর গ্রাহ্য, আলোচনা করো। ২+২+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। ‘গুণধরের অসুখ’ ব্যতিরেকে প্রদ্যোৎ চক্রবর্তীর দুটি নাটকের নাম লেখো। নাটককার হিসাবে তিনি কোন্ পুরস্কারে সম্মানিত হয়েছেন? ‘গুণধরের অসুখ’ নাটকের গঠনকৌশলের অভিনবত্ব বিষয়ে আলোকপাত করো। ২+১+১১=১৪

১০। ‘গুণধরের অসুখ’ নাটকটি প্রথম কবে, কোন্ সাংস্কৃতিক সংস্থা কর্তৃক অভিনীত হয়? কলকাতার কোন্ থিয়েটারগোষ্ঠী এই নাটকটি অভিনয় করেছে? এই নাটকে মোট কয়টি রবীন্দ্রসঙ্গীত গীত হয়েছে? নাটকের গুণধর চরিত্রটি বিশ্লেষণ করো। ২+১+১+১০=১৪

★★★